www.Banglastudyguide.tk Daily first Update epaper Join My Telegram Group http://t.me/banglastudyguide



# কর্মক্ষেত্র কর্মসহায়ক

**নানা কারণে বহু চেষ্টাতেও যাঁরা এখনও মনের মতো কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্যই এই বিভাগ। নিজের দক্ষতা ও যোগ্যতা অনুযায়ী সাফল্যের দিকে এগিয়ে যাওয়ার সুনির্দিষ্ট পথনির্দেশ। এখনই কী উদ্যোগ নিতে পারেন এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা কীভাবে নেবেন, রইল তার সুলুকসন্ধান।**



*সময় জীবনের মুদ্রা। কীভাবে সেই মুদ্রাটি খরচ করবে সেই সিদ্ধান্তটি নিতে হবে তোমাকেই।*
*— কার্ল স্যান্ডবার্গ*
*(পুলিৎজার পুরস্কারপ্রাপ্ত মার্কিন কবি)*

***✓ কেমিস্ট্রির অনার্স গ্র্যাজুয়েট। অনার্সে ৫৭ শতাংশ নম্বর আছে। কম্পিউটার অ্যাপ্লিকেশনের ডিপ্লোমা করেছি। চাকরির চেষ্টা চলছে। চাকরির সন্ধান দিলে উপকৃত হব।***

*শুভঙ্কর মিত্র, কৃষ্ণনগর, নদিয়া।*

☐ চাকরি আছে নানা প্রকারের। পছন্দ ও ক্ষমতা অনুসারে চাকরি বাছাই করাটাও একটি গুরুত্বপূর্ণ বিষয়। কেননা চাকরির পরীক্ষায় বসতে হবে। সেই পরীক্ষা আপনার পক্ষে কতটা অনুকূল হবে তা আগে থেকেই বুঝে নেওয়ার দরকার রয়েছে।

***এখনই আবেদন করতে পারেন:*** ৭৫জন প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট নেবে কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চের অধীন সংস্থা এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউট। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ কেমিস্ট্রি বা ফিজিক্স বা বায়োলজি বা মাইক্রোবায়োলজি বা বায়ো-কেমিস্ট্রির বি এসসি ডিগ্রি। আপনি আবেদন করতে পারেন। প্রাথমিকভাবে মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের ইন্টারভিউ হবে। ইন্টারভিউ আয়োজিত হবে **১৯ ও ২০ মার্চ**, লখনউয়ে। 'কর্মক্ষেত্র'-র ৪ মার্চ সংখ্যায় 'সরকারি গবেষণা কেন্দ্রে প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট' শীর্ষক সংবাদে এই চাকরি-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/WTMD/2020. দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.neeri.res.in পূরণ করা দরখাস্তটি স্ক্যান করবেন। প্রয়োজনীয় নথিপত্র-সহ স্ক্যান করা কপিটি **১২ মার্চের মধ্যে** মেল করতে হবে এই ঠিকানায়: wtmd@neeri.res.in

> ৭৫জন প্রোজেক্ট অ্যাসিস্ট্যান্ট নেবে কাউন্সিল অব সায়েন্টিফিক অ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চের অধীন সংস্থা এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং রিসার্চ ইনস্টিটিউট। শিক্ষাগত যোগ্যতা: মোট অন্তত ৫৫ শতাংশ নম্বর-সহ কেমিস্ট্রি বা ফিজিক্স বা বায়োলজি বা মাইক্রোবায়োলজি বা বায়ো-কেমিস্ট্রির বি এসসি ডিগ্রি।

কিছু জুনিয়র কেমিস্ট নেবে নর্দার্ন কোলফিল্ডস। শিক্ষাগত যোগ্যতা: বিজ্ঞান শাখায় স্নাতক। স্নাতকে অন্যতম বিষয় হিসেবে কেমিস্ট্রি পড়ে থাকতে হবে। 'কর্মক্ষেত্র'-র ৪ মার্চ সংখ্যায় 'নর্দার্ন কোল্ডফিল্ডসে চাকরি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত খুঁটিনাটি তথ্য জানানো হয়েছে। **৩০ মার্চের মধ্যে** অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nclcil.in

***পরে আবেদন করতে পারবেন:*** স্টাফ সিলেকশন কমিশন পরিচালিত কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারেন। এই পরীক্ষার মাধ্যমে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগ ও সংস্থায় কয়েকশো অফিসার নিয়োগ করা হয়। একইভাবে মিসেলেনিয়াস সার্ভিসেসের পরীক্ষার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারে অফিসার নিয়োগ করা হয়। পরীক্ষা নেয় পাবলিক সার্ভিস কমিশন। আপনি এই পরীক্ষার জন্য আবেদন করতে পারবেন। রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কগুলিতে ক্লার্ক ও প্রবেশনারি অফিসার পদে আবেদন করতে পারবেন ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশনের পরীক্ষার মাধ্যমে। তবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়ার এই দুই পদের ক্ষেত্রে আই বি পি এসের পরীক্ষার স্কোর দরকার হয় না। রাষ্ট্রায়ত্ত বিমা সংস্থাগুলিতে অ্যাসিস্ট্যান্ট পদে আবেদন করতে পারেন। রেলে অ্যাসিস্ট্যান্ট স্টেশন মাস্টার, গুডস গার্ড, ট্রাফিক অ্যাপ্রেন্টিস, কমার্শিয়াল অ্যাপ্রেন্টিস পদে আবেদন করতে পারবেন। চাইলে ডব্লু বি সি এসের মতো প্রশাসনিক চাকরির পরীক্ষায় বসতে পারেন। আছে আরও চাকরি, 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও নানা চাকরির খবর পাবেন।

***✓ উচ্চমাধ্যমিক পাশ করেছি গত বছর। ডেটা এন্ট্রির কাজ জানি। চাকরির সন্ধান চাই।***

*বিপ্লব কুণ্ডু, নিউ ব্যারাকপুর, উত্তর ২৪ পরগনা।*

☐ উচ্চমাধ্যমিক যোগ্যতার চাকরিগুলির জন্য আবেদন করতে পারবেন। চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নিন।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু অফিস অ্যাটেন্ড্যান্ড নিয়োগ করা হবে নিউ আলিপুরের জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায়। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। আপনি আবেদন করতে পারেন। 'কর্মক্ষেত্র'-র ২৬ ফেব্রুয়ারি সংখ্যায় 'কেন্দ্রীয় সরকারে ১৩৫৫ চাকরি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত খুঁটিনাটি তথ্য জানানো হয়েছে। অনলাইন দরখাস্ত করতে হবে **২০ মার্চের মধ্যে,** এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ssc.nic.in এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Phase-VIII/2020/Selection Posts.

***পরে আবেদন করতে পারবেন:*** প্রতিবছর কেন্দ্রীয় সরকারে কয়েকশো ডেটা এন্ট্রি অপারেটর নিয়োগ করা হয় স্টাফ সিলেকশন কমিশনের পরীক্ষার মাধ্যমে। আপনি এই পরীক্ষায় বসতে পারবেন। সরকারি বিভিন্ন সংস্থা এবং আঞ্চলিক বিভিন্ন প্রশাসনিক সংস্থায় ডেটা এন্ট্রি অপারেটর নিয়োগ করা হয়ে থাকে সময়ে সময়ে। আপনি আবেদন করতে পারবেন।

মাধ্যমিকে মোট অন্তত ৫০ শতাংশ নম্বর থাকলে পুরসভা, জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতিতে সহায়ক পদে আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারে মাল্টিটাস্কিং স্টাফ পদে আবেদন করতে পারবেন। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ বিভাগে সাব-ইনস্পেক্টর পদে আবেদন করতে পারবেন।

***✓ সংস্কৃতের স্নাতকোত্তর। স্নাতকে মূল বিষয় হিসেবে সংস্কৃতের সঙ্গে ইংরেজি ও হিন্দি পড়েছি। নেট পরীক্ষার জন্য প্রস্তুতি নিচ্ছি। অন্য কোনও চাকরির সুযোগ থাকলে জানাবেন।***

*গায়ত্রী ঘোষরায়, আরামবাগ, হুগলি।*

☐ বিভিন্ন চাকরির জন্যই আপনি আবেদনের যোগ্য। কলেজ, বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতার জন্য নেট পরীক্ষায় বসতে চলেছেন। পাশাপাশি পছন্দসই কয়েকটি সরকারি চাকরির জন্যও প্রস্তুতি নিতে পারেন।

***এখনই আবেদন করতে পারেন:*** কিছু রাজভাষা আধিকারিক নেবে জীবনবিমা নিগম। 'কর্মক্ষেত্র'-র ৪ মার্চ সংখ্যায় 'জীবনবিমায় অফিসার ও ইঞ্জিনিয়ার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে। আপনি আবেদন করতে পারেন। **১৫ মার্চের মধ্যে** অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.licindia.in

> কিছু রাজভাষা আধিকারিক নেবে জীবনবিমা নিগম। 'কর্মক্ষেত্র'-র ৪ মার্চ সংখ্যায় 'জীবনবিমায় অফিসার ও ইঞ্জিনিয়ার' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্য জানানো হয়েছে।

***পরে আবেদন করতে পারবেন:*** বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ও সরকারি সংস্থায় রাজভাষা আধিকারিক নিয়োগ করা হয় সময়ে সময়ে। আপনি এই পদে আবেদন করতে পারবেন। এ ছাড়া গ্র্যাজুয়েট যোগ্যতার বিভিন্ন চাকরির জন্যও আপনি আবেদন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারে অফিসার র‍্যাঙ্কের চাকরির জন্য কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল পরীক্ষায় বসতে পারবেন। ব্যাঙ্ক, বিমা সংস্থাগুলিতে চাকরির সুযোগ আছে। সংস্কৃতের স্নাতকোত্তরদের চাকরির সুযোগ আছে আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া, সরকারি সংগ্রহশালাগুলিতেও। 'কর্মক্ষেত্র'-য় চোখ রাখুন, আরও নানা চাকরির খবর পাবেন।

## চাকরির জন্য পেশাদারি পড়াশোনার কথা ভাবতে পারেন



**প্রফেসর অনির্বাণ বসু রায়চৌধুরী**, বিভাগীয় প্রধান, জার্নালিজম ও মাসকমিউনিকেশন বিভাগ, নোডাল অফিসার, বি ভোক প্রোগ্রাম, ডিরোজিও মেমোরিয়াল কলেজ

সরাসরি হাতে-কলমে কাজ করে দেখানোর জ্ঞান থাকলে সে-দক্ষতার কোনও মার নেই। বর্তমান সময়ের ভারতের কাজের বাজারের পরিপ্রেক্ষিতে এ-কথা আরও বেশি করে প্রাসঙ্গিক। প্রয়োজনের তাগিদেই তাই কর্মমুখী শিক্ষার ওপর বিশেষ জোর দেওয়া হচ্ছে।

প্রকৃত চিত্রটি হ'ল, শিক্ষিত কর্মপ্রার্থীর সংখ্যা প্রচুর আমাদের দেশে। কিন্তু পেশাদারি কাজ জানা লোকের সংখ্যা প্রয়োজনের তুলনায় নগণ্য। সে-কারণে এই কাজের আকালের বাজারেও নানা ক্ষেত্রে চাকরির জন্য দক্ষ লোকের জোগান পাওয়া যায় না অনেক সময়েই। প্রথাগত পথে স্নাতক ডিগ্রি পর্যন্ত পড়াশোনার একটা প্রবণতা রয়েছে আমাদের মধ্যে। স্নাতক-স্তর পর্যন্ত পড়াশোনার পরে কী করব? সরকারি চাকরির পথ খোলা থাকে। সেখানে প্রয়োজনের তুলনায় চাকরি কম। তবুও চেষ্টাচরিত্র করলে এক্ষেত্রে কিছু শিক্ষিত তরুণ-তরুণীর চাকরি হবে। কিন্তু যত জনের চাকরি হবে, তার অনেক গুণ বেশি ছেলেমেয়ের চাকরি হবে না। তাঁদের অপেক্ষা করতে হবে পরের বারের জন্য। কিন্তু পরের বারেও যে চাকরিপ্রাপ্তি নিশ্চিত, হলফ করে সে-কথা বলা যাবে না। আরেকটা পথ আছে— গ্র্যাজুয়েশনের পরে পেশাদারি কাজের প্রশিক্ষণ নেওয়া। কিছু ক্ষেত্রে গ্র্যাজুয়েশনের আগে নির্দিষ্ট কিছু পেশাদারি পড়াশোনা করা যায়ও না। যেমন, ম্যানেজমেন্ট পড়তে চাইলে আগে গ্র্যাজুয়েশন সম্পূর্ণ করতে হবেই। বি কমের পরে পেশাদারি বিভিন্ন অ্যাকাউন্টিং-সংক্রান্ত পেশাদারি কোর্স করা যায়। আইনের ৩ বছরের স্নাতক ডিগ্রি করার জন্য আগে সায়েন্স, কমার্স বা আর্টস শাখায় গ্র্যাজুয়েট হতে হবে। গ্র্যাজুয়েশনের পরে ডিজিট্যাল মার্কেটিংয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স করা যায়। ব্যাঙ্কিং ও ফিনান্সের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স করার জন্য আগে স্নাতক কোর্স সম্পূর্ণ করতে হবে। ইভেন্ট ম্যানেজমেন্ট, ইন্টারন্যাশনাল বিজনেস, হিউম্যান রিসোর্সেস, সোশ্যাল ওয়েলফেয়ার, জার্নালিজম ও মাস কমিউনিকেশন ইত্যাদির মতো পেশাদারি বিষয়ে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি বা ডিপ্লোমার মতো পেশাদারি কোর্স পড়তে চাইলে আগে গ্র্যাজুয়েশনের পড়াশোনা সম্পূর্ণ করে নিতে হবে। তবে এক্ষেত্রে যেটা গুরুত্বপূর্ণ তা হল, একটি যথার্থ পরিকল্পনা। গ্র্যাজুয়েশনের পড়াশোনা করতে করতেই আপনাকে ঠিক করে নিতে হবে, আপনি পেশাদারি পড়াশোনা করবেন কিনা এবং করলে কী ধরনের পেশার পড়াশোনা করবেন।

আরেকটা দিক আছে। উচ্চমাধ্যমিকের পরেই পেশাদারি বিষয় নিয়ে পড়াশোনা করা। এখন ভোকেশনাল শাখায় গ্র্যাজুয়েশন করার সুযোগ তৈরি হয়েছে। বি এ, বি এসসি, বি কমের মতো স্নাতক ডিগ্রির সমতুল এই কোর্সগুলি। এ ধরনের কোর্স করে সরাসরি কাজের ক্ষেত্রে পা রাখা যায়। আবার চাইলে সরকারি চাকরির পরীক্ষাতেও বসতে পারেন। অর্থাৎ দুটো দিকই খোলা থাকছে। আধুনিক নানা পেশাদারি বিষয় পড়া যায় ভোকেশনাল শাখার ডিগ্রি কোর্সগুলিতে। এ বিষয়ে একটু খোঁজখবর নিতে পারেন। বি ভোকের বিষয়গুলির তালিকা পাবেন এই ওয়েবসাইটে: www.ugc.ac.in/B.Voclist আমাদের কলেজে ব্রডকাস্ট জার্নালিজম এবং প্রিন্টিং ও বুক পাবলিশিংয়ের বি ভোক কোর্স পড়ানো হয়।

***✓ আমি আর্টস শাখায় উচ্চমাধ্যমিক পাশ করেছি ২০১৭-য়। ৬ মাসের কম্পিউটার কোর্স করেছি। খুবই সাধারণ একটি মুসলিম পরিবারের তরুণী। ছোটবেলা থেকেই আঁকতে ভালোবাসি। আমি ফ্যাশন ডিজাইনিং শিখে স্বাবলম্বী হতে চাই। খুব কম খরচে কোথাও শেখার সুযোগ আছে কি?***

*নাম প্রকাশে অনিচ্ছুক, মল্লিকপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

☐ সংখ্যালঘু তরুণ-তরুণীদের নিখরচায় ফ্যাশন ডিজাইনিং ও ফ্যাশন টেকনোলজি বিষয়ে প্রশিক্ষণ দেবে ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি (নিফট)। এক বছরের কোর্স। প্রশিক্ষণ শুরু হবে এপ্রিলে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক। কোর্সগুলি ওয়েস্ট বেঙ্গল মাইনরিটিজ ডেভেলপমেন্ট অ্যান্ড ফিনান্স কর্পোরেশন কর্তৃক অনুমোদিত। **১৫ মার্চের মধ্যে** অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbmdfc.org 'কর্মক্ষেত্র'-র ৪ মার্চ সংখ্যায় 'নিখরচায় রাজ্যের উচ্চমাধ্যমিক পাশ সংখ্যালঘু তরুণ-তরুণীকে ফ্যাশন টেকনোলজির প্রশিক্ষণ' শীর্ষক সংবাদে এই প্রশিক্ষণ-সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য জানানো হয়েছে।

> সংখ্যালঘু তরুণ-তরুণীদের নিখরচায় ফ্যাশন ডিজাইনিং ও ফ্যাশন টেকনোলজি বিষয়ে প্রশিক্ষণ দেবে ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি (নিফট)। এক বছরের কোর্স। প্রশিক্ষণ শুরু হবে এপ্রিলে। শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক।

**কর্মক্ষেত্র পড়ে এখনও যাঁরা কাজ শুরু করতে পারেননি, তাঁদের জন্য**

### কর্মক্ষেত্র কর্মসহায়ক

আপনার সম্পূর্ণ জীবনপঞ্জি (C.V.) ও নীচের প্রশ্নগুলির উত্তর সহ আমাদের লিখে জানান আপনার কাজ খোঁজার অভিজ্ঞতা।

**আমরাও সাধ্যমতো চেষ্টা করব আপনার উপযুক্ত কাজের হদিশ দিতে।**

✓ আগে কোথায় চাকরির দরখাস্ত করেছেন?
✓ জীবনপঞ্জি কীভাবে লিখেছেন? (যে-কোনও একটার কপি-সহ)
✓ ইন্টারভিউয়ের মুখোমুখি হয়েছেন কি কখনও? সেখানে কোন প্রশ্নের উত্তরে কী বলেছেন?

*আপনার নাম, ফোন নম্বর ও সম্পূর্ণ ঠিকানা লিখতে ভুলবেন না। চিঠি পাঠাবেন এই ঠিকানায়: (নথিপত্রের কপি পাঠাবেন না)*

**কর্মক্ষেত্র** (কর্মসহায়ক বিভাগ)
২৯/১-এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন
কলকাতা-৭০০ ০১৯
ই-মেল: karmakshetra@swarnakshar.in

www.Banglastudyguide.tk Daily first Update epaper Join My Telegram Group http://t.me/banglastudyguide

www.Banglastudyguide.tk Daily first Update epaper Join My Telegram Group http://t.me/banglastudyguide



# দক্ষিণ ২৪ পরগনায় অঙ্গনওয়াড়ি কর্মী

দক্ষিণ ২৪ পরগনার বজবজ-১ সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্পে ২৫ জন অঙ্গনওয়াড়ি কর্মী ও অঙ্গনওয়াড়ি সহায়িকা নেওয়া হবে। কেবল মহিলা প্রার্থীরা আবেদন করবেন। প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ৫০/আই সি ডি/বি বি-১।

**শূন্যপদের বিবরণ: অঙ্গনওয়াড়ি কর্মী:** ১২টি (তফসিলি উপজাতি)। শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক বা সমতুল। প্রার্থীকে অবশ্যই বজবজ-১ ব্লক এলাকা-সহ সংশ্লিষ্ট জেলার অন্তর্গত পার্শ্ববর্তী কোনও ব্লক বা পুরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে।

**অঙ্গনওয়াড়ি সহায়িকা:** ১৩টি (তফসিলি উপজাতি)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত অষ্টম শ্রেণি পাশ। প্রার্থীকে অবশ্যই বজবজ-১ ব্লক এলাকা-সহ সংশ্লিষ্ট জেলার অন্তর্গত পার্শ্ববর্তী কোনও ব্লক বা পুরসভার স্থায়ী বাসিন্দা হতে হবে।

**বয়স:** ২-৩-২০২০ তারিখে ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে।

প্রার্থী বাছাই করা হবে ৯০ নম্বরের লিখিত পরীক্ষা ও ১০ নম্বরের ইন্টারভিউয়ের মাধ্যমে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: http://s24pgs.gov.in পূরণ করবেন যথাযথভাবে। যে-কোনও একটি শূন্যপদে আবেদন করবেন।

**পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন:** ✓দু'কপি পাসপোর্ট মাপের স্বপ্রত্যয়িত ফটো। একটি ফটো দরখাস্তের নির্দিষ্ট জায়গায় সেঁটে দেবেন। অপর ফটোটি দরখাস্তের সঙ্গে গেঁথে দেবেন। ✓শিক্ষাগত যোগ্যতা ও বয়সের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল। ✓স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসেবে ভোটার কার্ড, আধার কার্ড এবং সাংসদ বা সভাধিপতি বা বিধায়ক বা পৌরপ্রধান বা কাউন্সিলর বা জেলা পরিষদ সদস্য বা পঞ্চায়েত সমিতির সভাপতি বা গ্রাম পঞ্চায়েত প্রধান বা জেলাশাসক বা অতিরিক্ত জেলাশাসক বা মহকুমা শাসক বা স্থানীয় বি ডি ও কর্তৃক প্রদত্ত মূল শংসাপত্র। ✓কাস্ট সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)। ✓প্রার্থীর নাম-ঠিকানা লেখা ও ৫ টাকার ডাকটিকিট সাঁটানো ৯×৪ ইঞ্চি মাপের দু'টি খাম।

প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের উপর যে-পদের জন্য আবেদন করছেন তার নাম লিখে দেবেন। যে-কোনও কাজের দিন দরখাস্ত দুপুর ১২টা থেকে বিকেল ৩টের মধ্যে সরাসরি গিয়ে জমা দিতে হবে এই ঠিকানায়: শিশুবিকাশ সেবা প্রকল্প আধিকারিক, বজবজ ১ নং আই সি ডি এস প্রকল্প, কালীপুর, পোঃ পূর্ব নিশ্চিন্তপুর, থানা-বজবজ, জেলা: দক্ষিণ ২৪ পরগনা, পিন-৭০০ ১৩৮। দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ১ এপ্রিল।

খুঁটিনাটি জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাজ্যের কো-অপারেটিভ ব্যাঙ্কে ক্লার্ক ও ব্যাঙ্ক অ্যাসিস্ট্যান্ট

ক্লার্ক এবং ব্যাঙ্ক অ্যাসিস্ট্যান্ট পদে ৪৭ জনকে নেবে ওয়েস্ট বেঙ্গল কো-অপারেটিভ সার্ভিস কমিশন। নিয়োগ করা হবে মুর্শিদাবাদ ও বর্ধমানের সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/2020.

শূন্যপদের বিবরণ: **ক্লার্ক (গ্রেড-থ্রি):** ১৩টি (সাধারণ ৬, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ১)। নিয়োগ হবে মুর্শিদাবাদ ডিস্ট্রিক্ট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কে। **ব্যাঙ্ক অ্যাসিস্ট্যান্ট (গ্রেড-থ্রি):** ৩৪টি (সাধারণ ১৮, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৪, ও বি সি-বি ৩)। নিয়োগ হবে দ্য বর্ধমান সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কে।

**শিক্ষাগত যোগ্যতা:** গ্র্যাজুয়েট, সঙ্গে অন্তত ৬ মাস মেয়াদের কম্পিউটার কোর্স পাশ করে থাকতে হবে।

**বয়স:** ১-১-২০২০ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি এবং ও বি সিরা ৫ বছরের বয়সের ছাড় পাবেন।

**বেতন:** ক্লার্ক পদের ক্ষেত্রে ২১,৫৫৯ টাকা এবং ব্যাঙ্ক অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২৫,৫৯৫ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা এবং কম্পিউটার টেস্ট ও ইন্টারভিউয়ের মাধ্যমে মাধ্যমে। লিখিত পরীক্ষা নেওয়া হবে দু'টি পত্রে। প্রথম পত্রে থাকবে ১০০টি মাল্টিপল চয়েস প্রশ্ন। প্রশ্ন হবে এইসব বিষয়ে— কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউড, রিজনিং এবং জেনারেল অ্যাওয়্যারনেস। নেগেটিভ মার্কিং আছে। সময়সীমা দেড় ঘণ্টা। দ্বিতীয় পত্রে ইংরেজি ও বাংলা ভাষায় সাবজেক্টিভ টাইপ প্রশ্ন হবে। সময়সীমা দেড় ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.webcsc.org দরখাস্তের শেষ তারিখ ৩ এপ্রিল। দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই ও বাঁহাতের বুড়ো আঙুলের ছাপ (সবক'টিই ৫০ কেবি সাইজের মধ্যে), মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা সার্টিফিকেট (২ এম বি সাইজের মধ্যে), শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র (২ এম বি সাইজের মধ্যে) এবং প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট সার্টিফিকেট (২ এম বি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ২০০ টাকা। তফসিলিদের ক্ষেত্রে কেবল প্রসেসিং ফি বাবদ ৪০ টাকা দিতে হবে। ফি জমা দেওয়া যাবে অনলাইনে ডেবিট বা ক্রেডিট কার্ড অথবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে। ফি দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন।

দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কলকাতায় সরকারি স্বাস্থ্য প্রকল্পে ১৪০ স্টাফ নার্স

*প্রথম পাতার পর*

**বেতন:** প্রতি মাসে ১৭,২২০ টাকা।

ইন্টারভিউ ১৬ মার্চ, সকাল সাড়ে ১০টা থেকে। ইন্টারভিউ কেন্দ্রের ঠিকানা: Institute of Urban Management (ALAKAPURI), 36C, Ballygunge Circular Road, Kolkata-700 019. সোসাইটির তরফে জানানো হয়েছে, প্রার্থীর সংখ্যা ২০০-র বেশি হলে পরের কাজের দিনেও ইন্টারভিউ নেওয়া হতে পারে। তবে প্রার্থীর নাম নথিভুক্ত করা হবে কেবল ১৬ মার্চ।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.kmcgov.in দরখাস্ত পূরণ করবেন যথাযথভাবে।

### ওয়াক-ইন-ইন্টারভিউয়ে সঙ্গে নিয়ে যাবেন

✓নির্দিষ্ট বয়ানে পূরণ করা দরখাস্ত। প্রার্থীর এক কপি ফটো দরখাস্তের নির্দিষ্ট স্থানে সেঁটে দেবেন।
✓প্রার্থীর সচিত্র পরিচয়পত্র ও স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসেবে পাসপোর্ট বা ভোটার আই ডি-র স্বপ্রত্যয়িত নকল।
✓প্রার্থীর বয়সের প্রমাণপত্রের স্বপ্রত্যয়িত নকল।
✓ইন্টার্নশিপ-সহ নার্সিংয়ের ডিপ্লোমা বা গ্র্যাজুয়েশনের যাবতীয় মার্কশিট ও সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
✓কাস্ট এবং ও বি সি সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।
✓দক্ষ খেলোয়াড়দের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল।
✓দৈহিক প্রতিবন্ধকতার সার্টিফিকেটের স্বপ্রত্যয়িত নকল (প্রযোজ্য ক্ষেত্রে)।

পূরণ করা দরখাস্তের এক কপি নকল এবং মূল নথিপত্রগুলিও সঙ্গে নিয়ে যাবেন।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# গার্ডেনরিচ শিপবিল্ডার্সে ২২৬ তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং

*প্রথম পাতার পর*

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট বা সমতুল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা। স্নাতকোত্তর উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করবেন না। মনে রাখবেন, প্রার্থীকে অবশ্যই ২০১৭ বা ২০১৮ বা ২০১৯-এর পরীক্ষায় পাশ করে থাকতে হবে। অভিজ্ঞতাসম্পন্নরা আবেদন করবেন না। **বয়স:** ১৪ থেকে ২৬ বছরের মধ্যে হতে হবে। **স্টাইপেন্ড:** কলকাতা ও রাঁচির ক্ষেত্রে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ১০,০০০ টাকা ও ৯,০০০ টাকা।

১-১-২০২০ তারিখে প্রার্থীর নির্ধারিত বয়স থাকতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** আনুমানিক ২০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে পারেন যে-কোনও একটি ওয়েবসাইটের মাধ্যমে: www.grse.in, http://jobapply.in/grse2020app অনলাইন আবেদনের শেষ তারিখ ২১ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন আবেদনের সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কলকাতা কর্পোরেশনে সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার

৭৭ জন সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার নেবে কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে। নিয়োগ করা হবে সিভিল, মেকানিক্যাল ও ইলেক্ট্রিক্যাল শাখায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ০৮/২০২০।

**শাখা অনুসারে শূন্যপদ: সিভিল:** শূন্যপদ ৪২টি (সাধারণ ২৩, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১ (চলাচলে অক্ষম বা সেরিব্রাল পালসি), তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ২, ও বি সি-এ ৪, ও বি সি-বি ২)।

**মেকানিক্যাল:** শূন্যপদ ২৩টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৬, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ২)।

**ইলেক্ট্রিক্যাল:** শূন্যপদ ১২টি (সাধারণ ৫, সাধারণ-দৈহিক প্রতিবন্ধী ১ (শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী), তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি-এ ২, ও বি সি-বি ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** স্টেট কাউন্সিল ফর ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনিক্যাল এডুকেশন বা সমতুল প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা।

**বয়স:** ১-১-২০২০ তারিখে ১৮ থেকে ৩৭ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছর পর্যন্ত ছাড় পাবেন।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org রেজিস্ট্রেশনের শেষ তারিখ ৭ এপ্রিল।

ফি বাবদ দিতে হবে ২২০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭০ টাকা)। চালানের মাধ্যমে ফি দিতে হবে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় এই অ্যাকাউন্ট নম্বরে: 0088010367936 চালানের প্রিন্ট আউট নিতে হবে উপরোক্ত ওয়েবসাইট থেকে, ৭ এপ্রিলের মধ্যে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ৮ এপ্রিল।

ফি জমা দেওয়ার পর ফি-সংক্রান্ত তথ্য-সহ অনলাইন দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করতে হবে। সাবমিটের শেষ তারিখ ৯ এপ্রিল।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ভারত ইলেক্ট্রনিক্সে প্রোজেক্ট ইঞ্জিনিয়ার

ইলেক্ট্রনিক্স শাখায় ৫৫ জন প্রোজেক্ট ইঞ্জিনিয়ার নেবে ভারত ইলেক্ট্রনিক্স। এটি কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। ২ বছরের চুক্তিতে নিয়োগ হবে। কর্তৃপক্ষ মনে করলে চুক্তির মেয়াদ আরও ২ বছর বাড়াতে পারে।

**শূন্যপদের বিন্যাস:** সাধারণ ২৩, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ও বি সি ১৪, আর্থিকভাবে অনগ্রসর ৬। দৈহিক প্রতিবন্ধীদের জন্য নিয়মানুসারে শূন্যপদ সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন শাখায় চার বছরের বি ই বা বি টেক ডিগ্রি। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে পাস নম্বর থাকলেই চলবে। সেই সঙ্গে সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। এর মধ্যে সারভেইলেন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা নেটওয়ার্ক প্রোজেক্টে ৬ মাসের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ১-২-২০২০ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সি-রা ৩, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। **বেতন:** প্রথম দুই বছর যথাক্রমে নির্দিষ্ট মাসিক ৩৫,০০০ টাকা ও ৪০,০০০ টাকা এবং পরবর্তী দুই বছরে যথাক্রমে নির্দিষ্ট মাসিক ৪৫,০০০ টাকা ও ৫০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ে মাধ্যমে। পরীক্ষাকেন্দ্র বেঙ্গালুরু।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bel-india.in অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৪ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। এস বি আই কালেক্টের মাধ্যমে অনলাইনে বা চালানের মাধ্যমে অফলাইন পদ্ধতিতে ফি জমা দিতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে লাগবে না। বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কলকাতা পুরসভায় ফিল্ড ওয়ার্কার

ফিল্ড ওয়ার্কার-মেডিক্যাল হেলথ ওয়ার্কার (গ্রেড-থ্রি) পদে ২১ জনকে নিয়োগ করবে রাজ্য মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। নিয়োগ হবে কলকাতা পুরসভায়। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 9 of 2020.

**শূন্যপদের বিন্যাস:** তফসিলি জাতি ১২, তফসিলি জাতি-প্রাক্তন সমরকর্মী ১, তফসিলি উপজাতি ৩, তফসিলি উপজাতি-প্রাক্তন সমরকর্মী ১, ও বি সি-বি ৩, ও বি সি-বি-প্রাক্তন সমরকর্মী ১।

শিক্ষাগত যোগ্যতা: ক্লাস এইট পাশ। বয়স: ১-১-২০২০ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন।

বেতন: আর ও পি এ ২০১৯-এর পে লেভেল-১ অনুসারে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। প্রথমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের শেষ তারিখ ৭ এপ্রিল।

ফি বাবদ দিতে হবে ২২০ টাকা (প্রসেসিং চার্জ ও ব্যাঙ্ক চার্জ-সহ), তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭০ টাকা (প্রসেসিং ও ব্যাঙ্ক চার্জ)। ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অফলাইনে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দেওয়া যাবে এই অ্যাকাউন্ট নম্বরে: ০০৮৮০১০৩৬৭৯৩৬। ব্যাঙ্ক চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে ৭ এপ্রিলের মধ্যে। চালানের মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ ৮ এপ্রিল। অনলাইনে দরখাস্ত সাবমিট করার শেষ তারিখ ৯ এপ্রিল।

অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

প্রার্থী বাছাই পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# পাওয়ার গ্রিডে এক্সিকিউটিভ ট্রেনি

এক্সিকিউটিভ ট্রেনি (ফিনান্স) পদে ২৫ জনকে নেবে পাওয়ার গ্রিড কর্পোরেশন অব ইন্ডিয়া। প্রথমে এক বছরের ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CC/03/2020.

**শিক্ষাগত যোগ্যতা:** সি এ বা আই সি ডব্লু এ (সি এম এ) পাশ।

**বয়স:** ৬-৪-২০২০ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে।

**বেতনক্রম:** ৬০,০০০-১,৮০,০০০ টাকা। সঙ্গে অন্যান্য সুযোগ-সুবিধা।

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মী এবং আর্থিকভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

প্রার্থী বাছাই করা হবে কম্পিউটারভিত্তিক পরীক্ষা, ইন্টারভিউ ও গ্রুপ ডিসকাশনের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.powergridindia.com প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৬ এপ্রিল পর্যন্ত।

বিস্তারিত জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# রাইটসে সিভিল ইঞ্জিনিয়ার

সিভিল ইঞ্জিনিয়ার পদে ৩৫ জনকে নেবে রাইটস লিমিটেড। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 01/20.

শিক্ষাগত যোগ্যতা: সিভিল ইঞ্জিনিয়ারিং শাখায় অন্তত ৬০ শতাংশ (তফসিলি, ও বি সি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৫০ শতাংশ) নম্বর-সহ বি ই বা বি টেক বা বি এসসি (ইঞ্জিনিয়ারিং), সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৪০ বছরের মধ্যে হতে হবে। বেতন প্রতি বছরে ৮ লাখ টাকা।

প্রাথমিকভাবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে লিখিত পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rites.com দরখাস্তের শেষ তারিখ ২৩ মার্চ।

এই নিয়োগ-সংক্রান্ত বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

www.Banglastudyguide.tk Daily first Update epaper Join My Telegram Group http://t.me/banglastudyguide

www.Banglastudyguide.tk Daily first Update epaper Join My Telegram Group http://t.me/banglastudyguide



# কারেন্ট অ্যাফেয়ার্স

২৫ ফেব্রুয়ারি-২ মার্চ

**২৬ ফেব্রুয়ারি** দিল্লির সংঘর্ষ কবলিত এলাকাগুলি পরিদর্শনে গেলেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভাল। পূর্ব দিল্লির জাফরাবাদে স্থানীয়দের আশ্বাস দেন তিনি। ডোভাল বলেন, 'যা হয়েছে, হয়েছে।... এখন থেকে আপনাদের নিরাপত্তা দেওয়ার দায়িত্ব সরকার ও পুলিশের।' বিরোধীরা অবশ্য প্রশ্ন তুলেছেন, ওই আশ্বাস দু'দিন আগেই কেন দেওয়া হল না। উল্টে কেন দু'দিন ধরে জ্বলতে দেওয়া হল গোটা দিল্লিকে। এত জন নিহত হওয়া সত্ত্বেও ডোভাল এমন অসংবেদনশীল কথা কী করে বলেন তা নিয়েও প্রশ্ন উঠেছে।

**২৭ ফেব্রুয়ারি** বিশ্বের প্রবীণতম মানুষ, জাপানের চিতেৎসু ওয়াতানাবে (১১২) প্রয়াত হলেন। ফলে ব্রিটেনের বাসিন্দা বব ওয়েটন (১১১)-ই এখন প্রবীণতম। তবে তিনি জানিয়েছেন, কারও মৃত্যুর পরে পাওয়া খেতাব তিনি উদ্‌যাপন করতে চান না।

**২৮ ফেব্রুয়ারি** দিল্লি পুলিশের কমিশনার অমূল্য পট্টনায়কের মেয়াদ আর না বাড়ানোর সিদ্ধান্ত নিল কেন্দ্র। ১ মার্চ থেকে অতিরিক্ত দায়িত্ব হিসেবে দিল্লি পুলিশের কমিশনার পদের কার্যভার গ্রহণ করেছেন বিশেষ কমিশনার (আইন-শৃঙ্খলা) এস এন শ্রীবাস্তব। যদিও তাঁকে পুলিশ কমিশনারের পূর্ণ দায়িত্ব না দিয়ে কেবল অতিরিক্ত দায়িত্ব দেওয়া হল কেন তা নিয়ে আমলা স্তরে প্রশ্ন উঠেছে। পরে ওই পদে অন্য কাউকে আনা হবে কি না, সে প্রশ্নের জবাব স্বরাষ্ট্র মন্ত্রক দেয়নি। দায়িত্ব পেয়েই এ দিন দিল্লির উপদ্রুত এলাকাগুলি ঘুরে দেখেন শ্রীবাস্তব।

**নোভেল করোনাভাইরাস** চিন-সীমান্ত পেরিয়ে ক্রমশই গোটা বিশ্বে ছড়িয়ে পড়ছে। অন্তত ৫৭টি দেশ ভাইরাস-আক্রান্ত। নতুন করে সংক্রমণের খবর মিলেছে বেলারুশ, লিথুয়ানিয়া, নিউজিল্যান্ড, নাইজিরিয়া, নেদারল্যান্ডসের মতো দেশ থেকেও। বিশ্ব স্বাস্থ্য সংস্থা, হু জানিয়েছে, সঙ্কট সর্বোচ্চ মাত্রা ছুঁয়েছে। আক্রান্তের হিসেব অনুযায়ী, সবচেয়ে খারাপ পরিস্থিতি ইটালির উত্তর অংশের। সেখানে অন্তত ৬৫০ জনের শরীরে ভাইরাস মিলেছে। তবে ইটালির সরকারি আধিকারিকরা জানিয়েছেন অনেকের শরীরেই ভাইরাস মিললেও তাদের শরীরস্বাস্থ্য তেমন কাবু হয়ে পড়েনি। সকলকে যত তাড়াতাড়ি সম্ভব স্বাভাবিক জীবনে ফিরিয়ে আনাই তাঁদের লক্ষ্য বলে জানানো হয়েছে।

**২৯ ফেব্রুয়ারি** তালিবান জঙ্গি গোষ্ঠীর সঙ্গে কাতারে ঐতিহাসিক চুক্তি করল আমেরিকা। সিদ্ধান্ত হল, আল কায়দার মতো জঙ্গি সংগঠনের সঙ্গে সম্পর্ক রাখবে না তালিবান। অন্যদিকে আফগানিস্তান থেকে আগামী ১৪ মাসের মধ্যে সেনা প্রত্যাহার করে নেবে আমেরিকা। বৈঠকে উপস্থিত ছিলেন কাতারের ভারতীয় রাষ্ট্রদূতও। এই প্রথম তালিবানের উপস্থিতিতে কোনও আন্তর্জাতিক সম্মেলনে আনুষ্ঠানিক ভাবে হাজির রইলেন কোনও ভারতীয় প্রতিনিধি। সব কিছু ঠিকঠাক থাকলে এর পরে কথা শুরু হবে আফগান সরকারের সঙ্গে তালিবানের।

**মুম্বইয়ে নতুন পুলিশ কমিশনার হিসেবে** পরমবীর সিংহকে নিয়োগ করল মহারাষ্ট্রের শিবসেনা সরকার। বর্তমানে তিনি রাজ্যের দুর্নীতি দমন শাখার ডিরেক্টর জেনারেল। মহারাষ্ট্রে ৭০ হাজার কোটি টাকার সেচ দুর্নীতিকাণ্ডে এনসিপি নেতা ও রাজ্যের উপমুখ্যমন্ত্রী অজিত পাওয়ারকে রেহাই দেয় পরমবীরের নেতৃত্বাধীন দুর্নীতি দমন শাখাই।

**দিন পাঁচেকের অচলাবস্থার শেষে** মালয়শিয়ার নতুন প্রধানমন্ত্রী হিসেবে মুহিদ্দিন ইয়াসিনকে বেছে নিলেন দেশের রাজা সুলতান আবদুল্লা। প্রাক্তন অভ্যন্তরীণ মন্ত্রী মুহিদ্দিন প্রধানমন্ত্রী পদে শপথ নিয়েছেন ১ মার্চ। মহাথির মহম্মদ প্রধানমন্ত্রীর পদ থেকে অবসর নেওয়ার পর থেকে তাঁর উত্তরসূরীর খোঁজ চলছিল।

**১ মার্চ** জাতীয় দলের প্রাক্তন হকি খেলোয়াড় বলবীর সিং কুলার (৭৭) প্রয়াত হলেন। ১৯৬৮ সালে মেক্সিকো অলিম্পিক্স-এ ভারতীয় হকি দলের সদস্য ছিলেন তিনি। সেই প্রতিযোগিতায় ব্রোঞ্জ জিতেছিল ভারত। তা ছাড়া ১৯৬৬ সালের ব্যাঙ্কক এশিয়ান গেমসে সোনাজয়ী ভারতীয় দলের হয়েও খেলেন তিনি।

**'দ্রোণাচার্য' সম্মানে ভূষিত অ্যাথলেটিক্স** কোচ যোগীন্দর সিং সাইনি (৯০) প্রয়াত হলেন। ১৯৭০ থেকে ১৯৯০ সাল পর্যন্ত তিনিই ছিলেন ভারতীয় অ্যাথলেটিক্স দলের মুখ্য কোচ। তাঁর সময়ই ভারতীয় অ্যাথলেটিক্স দল ১৯টি পদক জিতেছিল। তার মধ্যে ১৯৭৮ এশিয়ান গেমসে ছিল ছ'টি সোনা।

**২ মার্চ** স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের পদত্যাগের দাবিতে উত্তপ্ত হল সংসদের উভয় কক্ষ। দিল্লিতে হিংসা রুখতে ব্যর্থ হওয়ায় স্বরাষ্ট্রমন্ত্রীর পদত্যাগের দাবিতে সরব হন বিরোধীরা। দফায় দফায় মুলতুবি হয়ে যায় অধিবেশন। তবে অমিত শাহ নিজে লোকসভা বা রাজ্যসভার অধিবেশনে উপস্থিত থাকেননি। এ দিন লোকসভার উপদেষ্টা বিষয়ক কমিটির বৈঠকে দিল্লি সংঘর্ষ নিয়ে আলোচনার প্রস্তাব দেন বিরোধীরা। লোকসভায় কংগ্রেসের দলনেতা অধীররঞ্জন চৌধুরী বলেন, 'দিল্লির ঘটনার জন্য কারা দায়ী, কার ভুলে এ ভাবে হিংসা ছড়াল, তা নিয়ে সংসদে আলোচনা হোক।' কিন্তু সেই প্রস্তাব খারিজ করে দেয় সরকার।

**দিল্লি হিংসা সংক্রান্ত মামলার আর্জি** শুনতে গিয়ে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি এস এ বোবডে মন্তব্য করলেন, আদালত কখনও দিল্লি হিংসার মতো ঘটনা রুখতে পারেনি। এই ধরনের ঘটনা রোখা নিয়ে আদালতকে দায়ী করলে চাপ তৈরি হচ্ছে বলেও মন্তব্য করেন প্রধান বিচারপতি। এ দিন দিল্লি হিংসায় ক্ষতিগ্রস্তদের তরফে উস্কানিমূলক বক্তৃতা দেওয়ার জন্য বিজেপি নেতা কপিল মিশ্র, অনুরাগ ঠাকুর, প্রবেশ বর্মা, অভয় বর্মা ও কয়েকজনের বিরুদ্ধে এফআইআর করার আর্জি জানানো হয়। ক্ষতিগ্রস্তদের পক্ষ থেকে আইনজীবী কলিন গনজালভেস জানান, প্রভাবশালীদের কোনও সুবিধা না দিয়ে যাতে আইন মেনে কাজ হয় তা নিশ্চিত করার জন্যই এ ক্ষেত্রে শীর্ষ আদালতের হস্তক্ষেপ করা প্রয়োজন। জবাবে প্রধান বিচারপতির বেঞ্চ জানায়, এ নিয়ে দিল্লি হাইকোর্টে মামলা চলছে। সেখানেই শুনানি হতে পারে। প্রধান বিচারপতি বলেন, 'আমরা চাই না কারও মৃত্যু হোক। কিন্তু আমরা সংবাদপত্র পড়ছি। জানি, কী ধরনের মন্তব্য করা হচ্ছে। যেন এই ধরনের পরিস্থিতির জন্য আদালতই দায়ী। এই ধরনের মন্তব্যের জন্য আমাদের উপর চাপ তৈরি হচ্ছে। এই চাপ নিতে আমরা প্রস্তুত নই।'

**ইস্তফা দিলেন ইরাকের প্রধানমন্ত্রী মহম্মদ** আলাউই। ইরাকের বর্তমান সরকার দেশের নাগরিকদের নিরাপত্তা, স্বাস্থ্য এবং অর্থনৈতিক পরিষেবা দিতে ব্যর্থ— এই অভিযোগে কয়েক মাস ধরেই ক্ষোভ চরমে উঠেছিল ইরাকের জনতার। এর মধ্যেই পার্লামেন্টেরও সমর্থন না মেলায় পদ ছাড়ার সিদ্ধান্ত জানালেন আলাউই। বিশেষজ্ঞেরা মনে করছেন, প্রধানমন্ত্রীর ইস্তফা ইরাকের অচলাবস্থাকে আরও গুরুতর পর্যায়ে এনে দাঁড় করিয়ে দিল।

## মোদী-ট্রাম্প বৈঠক হল দিল্লিতে



২৫ ফেব্রুয়ারি: দিল্লির হায়দরাবাদ হাউসে দ্বিপাক্ষিক বৈঠক করলেন নরেন্দ্র মোদী ও ডোনাল্ড ট্রাম্প। দু'দেশের মধ্যে যে সমস্ত চুক্তি হয়েছে, কূটনৈতিক শিবিরের বক্তব্য, ট্রাম্পের সফরে উল্লেখযোগ্য প্রাপ্তি বলতে প্রতিরক্ষা ক্ষেত্রে কয়েকটি চুক্তি। সেটাও ভারতকে ৩৫৩ কোটি ডলারের বিনিময়ে কিনতে হয়েছে। বড় মাপের বাণিজ্য চুক্তি করার আশ্বাস ট্রাম্প দিলেও তা কবে হবে তার কোনও সময়সীমা উল্লেখ করেননি। অন্যদিকে, গভীর বন্ধুত্বের ছবি তুলে ধরার চেষ্টা হয়েছে সাউথ ব্লকের তরফে। এ বছরই আমেরিকায় নির্বাচন। নরেন্দ্র মোদীরই তৈরি করা মঞ্চ থেকে ট্রাম্প ভারতীয় বংশোদ্ভূত মার্কিন ভোটারদের ভোট টানার প্রচার চালিয়ে গেলেন— এমনটাই মনে করছেন বিশেষজ্ঞরা। ভারতীয় প্রধানমন্ত্রীর প্রশংসায় পঞ্চমুখ ছিলেন ট্রাম্প। একদিকে যখন উত্তর-পূর্ব দিল্লিতে আগুন জ্বলছে তখন ধর্মীয় স্বাধীনতা রক্ষার জন্য মোদী 'অসাধারণ কাজ' করেছেন বলে দরাজ সার্টিফিকেট দিয়ে গেলেন মার্কিন প্রেসিডেন্ট। ছবি: পি টি আই



"ন্যায়বিচার পাওয়ার ক্ষেত্রে কার ক্ষমতা বেশি তা বিচার করতেই হবে। সমান ন্যায় করতে দুর্বলের দিকেই ঝুঁকে থাকতে হবে। গান্ধীর দুর্বলতমের পাশে দাঁড়ানো ও আম্বেদকরের সাংবিধানিক নৈতিকতার নীতি মেনে চলতে হবে।"

এস মুরলীধর, *দিল্লি হাইকোর্টের প্রাক্তন বিচারপতি* দিল্লি হাইকোর্ট থেকে পাঞ্জাব-হরিয়ানা হাইকোর্টে বদলির পর বিদায় সংবর্ধনায়

## প্রয়াত হোসনি মুবারক



২৫ ফেব্রুয়ারি: মিশরের প্রাক্তন প্রেসিডেন্ট হোসনি মুবারক (৯১) প্রয়াত হলেন। টানা ৩০ বছর ক্ষমতায় থাকার পর গণ-অভ্যুত্থানের জেরে ক্ষমতা ছাড়তে বাধ্য হয়েছিলেন তিনি। তারপরে জেলে গিয়েও শেষ অবধি ছাড়া পান। ক্ষমতায় থাকাকালীন বরাবরই মার্কিন ঘনিষ্ঠ হিসেবেই পরিচিত ছিলেন তিনি। তাঁর বিরুদ্ধে উঠেছে বহু দুর্নীতির অভিযোগও। মিশর-ইজরায়েল শান্তিচুক্তির মধ্যস্থতাকারী মুবারকের বিরুদ্ধে ২০১১ সালে কায়রোর তাহরির স্কোয়্যারে বিক্ষোভে নামে দেশের সাধারণ মানুষ। অভিযোগ ওঠে সেই আন্দোলন রুখতে গণহত্যার নির্দেশ দিয়েছিলেন মুবারক। সেই দায়ে ২০১২ সালে তাঁর যাবজ্জীবন কারাদণ্ড হয়। যদিও ৫ বছর বাদেই জেল থেকে মুক্তি পান।

## ভুবনেশ্বরে অমিত শাহের সঙ্গে বৈঠক মমতার



২৮ ফেব্রুয়ারি: ভুবনেশ্বরে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে বৈঠকে দেশে সর্বত্র শান্তি বজায় রাখার আর্জি জানালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পূর্বাঞ্চলীয় আন্তঃরাজ্য পরিষদ (ইস্টার্ন জোনাল কাউন্সিল)-এর বৈঠকে যোগ দেন তাঁরা। বৈঠকে ওড়িশা ও বিহারের মুখ্যমন্ত্রী নবীন পট্টনায়ক ও নীতীশ কুমার এবং ঝাড়খণ্ডের অর্থমন্ত্রী যোগ দিলেও একমাত্র মমতাই বৈঠকের বিষয়বস্তুর বাইরে গিয়ে দিল্লির হিংসা নিয়ে কথা তোলেন। অন্যদিকে, দিল্লির গোষ্ঠী হিংসার জন্য বিরোধীদের দিকেই আঙুল তুলেছেন অমিত শাহ। ভুবনেশ্বরের এক জনসভায় তাঁর অভিযোগ, সিএএ-র ফলে মুসলিমরা নাগরিকত্ব হারাবেন বলে বিরোধী দলগুলি মিথ্যে প্রচার করছে। ছবি: পি টি আই

## মোরালেসের বিরুদ্ধে দুর্নীতির প্রমাণ পেল না আমেরিকা



২ মার্চ: বলিভিয়ার ক্ষমতাচ্যুত প্রেসিডেন্ট ইভো মোরালেসের জয়ে দুর্নীতির কোনও প্রমাণ পাওয়া যায়নি বলে একটি মার্কিন রিপোর্টে জানা গেল। ভোটে কারচুপির অভিযোগে গত বছর নভেম্বরে ক্ষমতাচ্যুত হতে হয়েছিল বলিভিয়ার ১৪ বছর ক্ষমতায় থাকা প্রেসিডেন্ট মোরালেসকে। সেনা এবং বিরোধী দলের চাপের মুখে দেশ ছেড়ে পালাতেও হয় তাঁকে। অথচ গতবছর অক্টোবরে বলিভিয়ার ওই সাধারণ নির্বাচনে দুর্নীতির কোনও প্রমাণই পাওয়া যায়নি বলে জানিয়েছে ম্যাসাচুসেটস ইনস্টিটিউট অব টেকনোলজির (এমআইটি) 'ইলেকশন ডেটা অ্যান্ড সায়েন্স ল্যাব'। মোরালেস বর্তমানে মেক্সিকোর আশ্রয়ে রয়েছেন। সেখান থেকেই দেশে ফেরার লড়াই চালিয়ে যাচ্ছেন বলিভিয়ার প্রথম আদিবাসী প্রেসিডেন্ট।

## দিল্লি হিংসা নিয়ে উদ্বেগ মানবাধিকার কমিশন প্রধানের



২৭ ফেব্রুয়ারি: মার্কিন যুক্তরাষ্ট্রের ধর্মীয় স্বাধীনতা বিষয়ক কমিশন অভিযোগ করল দিল্লিতে বেছে বেছে সংখ্যালঘুদেরই নিশানা করে হামলা চালানো হয়েছে। ডোনাল্ড ট্রাম্পের সদ্য হয়ে যাওয়া ভারত সফরের পরেই তাদের এই মন্তব্য বিশেষ তাৎপর্যপূর্ণ। এ দিন রাষ্ট্রপুঞ্জের মানবাধিকার কমিশনের প্রধান মিশেল ব্যাশলে বলেছেন, দিল্লিতে মুসলিমদের উপর আক্রমণ সত্ত্বেও পুলিশি নিষ্ক্রিয়তার খবরে তিনি চিন্তিত। সংশোধিত নাগরিকত্ব আইন নিয়েও 'গভীর উদ্বেগ' জানান তিনি। দিল্লি অবশ্য মার্কিন কমিশনের সমালোচনা মানতে অস্বীকার করেছে। বিদেশ মন্ত্রকের দাবি, মার্কিন কমিশন ও সংবাদমাধ্যমের একাংশ কেন্দ্রকে দুষে যা বলছে তা মিথ্যে। রাজনৈতিক স্বার্থে তারা এই কাজ করছে বলে অভিযোগ দিল্লির।

## নিউজিল্যান্ডে টেস্ট সিরিজ হার ভারতের



২ মার্চ: ক্রাইস্টচার্চে দ্বিতীয় টেস্টেও হেরে ০-২ সিরিজ হারল ভারত। ৭ উইকেটে জয়ী হয়েছে নিউজিল্যান্ড। ভারতের প্রথম ইনিংসে ২৪২ রানের জবাবে নিউজিল্যান্ডের প্রথম ইনিংস ২৩৫ রানে শেষ হয়। ভারত তাদের দ্বিতীয় ইনিংসে মাত্র ১২৪ রানে অল আউট হয়ে যায়। মাত্র ১৩২ রানের জয়ের লক্ষ্য নিয়ে ব্যাট করতে নেমে ৩ উইকেট হারিয়েই প্রয়োজনীয় রান তুলে নেয় নিউজিল্যান্ড। কাইল জেমিসন ম্যান অব দ্য ম্যাচ হয়েছেন।

www.Banglastudyguide.tk Daily first Update epaper Join My Telegram Group http://t.me/banglastudyguide

www.Banglastudyguide.tk Daily first Update epaper Join My Telegram Group http://t.me/banglastudyguide



# গড়ে তুলুন নিজেকে

স্নাতক বা স্নাতকোত্তর স্তরে পড়াশোনা শেষ করেই মনে হয় এবারে একটা চাকরি চাই। কেউ কেউ উচ্চমাধ্যমিক দিয়েই চাকরির জন্য খোঁজখবর শুরু করে। কিন্তু শুধু সিলেবাস ধরে পড়াশোনা করলেই চাকরির বাজারের জন্য সম্পূর্ণ উপযুক্ত হওয়া যায় না। দরকার আরও কিছু। আধুনিক কাজের জগৎ ঠিক কী চাইছে? কীভাবে নিজেই নিজেকে উপযুক্ত করে গড়ে তুলবেন আধুনিক এই কর্মজগতের জন্য? এই নিয়েই এই বিভাগ। বিভিন্ন নামী সরকারি-বেসরকারি সংস্থার ব্যস্ত পেশাদাররা জানাচ্ছেন তাঁদের নিজেদের গড়ে ওঠার কথা, পরামর্শ দিচ্ছেন কীভাবে আপনারাও নিজেদের গড়েপিটে নেবেন দ্রুত বদলাতে থাকা এই কর্মজগতের জন্য।

## পছন্দসই কেরিয়ার গড়ো, তবে নজর রাখো বাজারের চাহিদার দিকেও



সোহম সান্যাল
সিনিয়র ইঞ্জিনিয়ার
(মার্কেটিং অ্যান্ড টেকনিক্যাল প্রোপোজালস)
আই এস জি ই সি হেভি ইঞ্জিনিয়ারিং লিমিটেড
(বহুজাতিক ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং সংস্থা)




কেরিয়ার তৈরির ব্যাপারটা নিজের পছন্দমতো হলেই সবচেয়ে ভালো হয়। কারণ সেক্ষেত্রে নিজের আগ্রহের বিষয় নিয়ে কাজ করার আনন্দটা পূর্ণ মাত্রায় পাওয়া যায়। আমি নিজেও পছন্দের বিষয় নিয়েই এগিয়েছি। তার জন্য পরিশ্রম করতে হয়েছে। কিন্তু পেশাটাও কেবল দৈনন্দিনের একঘেয়েমি হয়ে দাঁড়ায়নি, পেশার প্রতি একটা ভালোবাসাও গড়ে উঠেছে। এই মুহূর্তে যে-কোনও বিষয়েরই বিবিধ প্রয়োগমূলক শাখা রয়েছে। তাই পছন্দের বিষয় নিয়ে পড়ার সুযোগও এখন অনেক বেশি।

তবে কেরিয়ার গঠনের ক্ষেত্রে নিজের আগ্রহের সঙ্গেই শিল্প এবং বাজারের চাহিদাটাও মাথায় রাখতে হবে।

> তোমার পছন্দের সেক্টরে চাকরিবাকরির অবস্থা কেমন, পড়াশোনা চলাকালীনই সে সম্পর্কে নিয়মিত খোঁজ রাখা শুরু করো। কোন সংস্থা ভালো চলছে, কোনটা খারাপ, কোন সংস্থা লাভ বেশি করছে, এইসব খবর ইদানিং ইন্টারনেট, খবরের কাগজ, ম্যাগাজিন ইত্যাদির সুবাদে খুবই সুলভ। আগে থেকেই যদি এইভাবে বাজারের খবর রাখতে পারো, তাহলে পড়াশোনা শেষ করে চাকরি খোঁজার সময় একটা নির্দিষ্ট পথের হদিশ থাকবে তোমার কাছে। হাতড়ে বেড়াতে হবে না।

সেইমতো নিজেকে প্রস্তুত করে এগোতে হবে। কিন্তু এ ক্ষেত্রে কিছুটা দূরদৃষ্টিরও দরকার। কেন, সে কথা বলছি।

ধরা যাক, কেউ অটোমোবাইল বা গাড়ি শিল্পে কাজ করতে চায়। সেই অনুযায়ী নিজেকে তৈরি করেছে। পাশ করে বেরোনোর পর দেখা গেল, অটোমোবাইল শিল্পের হাল খারাপ, বাজারে চাহিদা নেই, নতুন নিয়োগও একেবারে হচ্ছে না। আসলে বাজার-অর্থনীতিতে উত্থানপতন লেগেই থাকে। ফলে বাজার সম্পর্কে সচেতন থাকা, নিয়মিত খবরাখবর রাখাও প্রস্তুতিরই অঙ্গ।

তোমার পছন্দের সেক্টরে চাকরিবাকরির অবস্থা কেমন, পড়াশোনা চলাকালীনই সে সম্পর্কে নিয়মিত খোঁজ রাখা শুরু করো। কোন সংস্থা ভালো চলছে, কোনটা খারাপ, কোন সংস্থা লাভ বেশি করছে, এইসব খবর ইদানিং ইন্টারনেট, খবরের কাগজ, ম্যাগাজিন ইত্যাদির সুবাদে খুবই সুলভ। আগে থেকেই যদি এইভাবে বাজারের খবর রাখতে পারো, তাহলে পড়াশোনা শেষ করে চাকরি খোঁজার সময় একটা নির্দিষ্ট পথের হদিশ থাকবে তোমার কাছে। হাতড়ে বেড়াতে হবে না।

চলতি সময়ে বাজার-অর্থনীতির উদাহরণই দেওয়া যাক। এই মুহূর্তে ম্যানুফ্যাকচারিং সেক্টরে চাহিদা তলানিতে ঠেকেছে, আবার ই-কমার্সের বাজার দিন দিন বাড়ছে। এরকমই আরও অনেক ক্ষেত্র রয়েছে যেখানে নতুন করে কর্মীর চাহিদা তৈরি হচ্ছে। শিক্ষিত ছেলেমেয়েরাও প্রতি বছরই প্রচুর সংখ্যায় কাজের বাজারে অংশ নিতে আসছে। ম্যানপাওয়ার রয়েছে, কিন্তু অনেক ক্ষেত্রেই তার সদ্ব্যবহার হচ্ছে না ঠিক ভাবে। এর প্রধান কারণ স্কিলের অভাব। যেসব ক্ষেত্রে চাকরির সুযোগ তৈরি হচ্ছে, সেসব ক্ষেত্রে কাজ করার মতো দক্ষ লোক নেই। এটাও বাস্তব। আজকাল স্বল্প বা দীর্ঘ মেয়াদের নানাবিধ প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষণ প্রদানকারী সংস্থার যথেষ্ট সুনাম আছে কিনা দেখে নিয়ে এরকম কোনও সময়োপযোগী প্রশিক্ষণ নিয়ে নিজের দক্ষতা বাড়িয়ে নেওয়ার সুযোগ আছে।

### শুধু নতুন পদ্ধতি নিয়ে কথা নয়

সাধারণত সংস্থার অভিজ্ঞ ব্যক্তিরাই ইন্টারভিউ নিয়ে থাকেন। তাঁদের অনেকেই হয়তো পনেরো-কুড়ি বছর ধরে ইন্ডাস্ট্রিতে রয়েছেন। ইন্টারভিউ দিতে যাওয়ার আগে সংশ্লিষ্ট কাজের যে-প্রচলিত পদ্ধতি, সেটা অবশ্যই জেনে যাবে।

ধরা যাক, কোনও একটা প্রযুক্তি হয়তো শুধু ভারতের বাজারেই চলছে বহু বছর ধরে। তুমি জানো যে, আরও অনেক নতুন প্রযুক্তি ইতিমধ্যেই বিদেশের বাজারে এসে গিয়েছে। কিন্তু ইন্টারভিউ বোর্ডে আলোচনার সময় প্রচলিত পদ্ধতিটা ধরেই কথা বলতে হবে। কোনওভাবেই পুরনো প্রযুক্তিকে ছোট করে দেখানোর চেষ্টা করা যাবে না। শেষ পর্যায়ে প্রাসঙ্গিকতা বুঝে নম্রতার সঙ্গে তোমার জানা নতুন প্রযুক্তি সম্পর্কে বিশেষ কিছু তথ্য পেশ করতে পারো, এই মাত্র।

### বাড়তি স্কিল থাকলে অবশ্যই জানাও

প্রার্থীর উপস্থিতবুদ্ধি কেমন, তা যাচাই করার একটা প্রবণতা থাকে ইন্টারভিউয়ারদের। ইন্টারভিউয়ে প্রাসঙ্গিক কথা বলাই ভালো। বাড়তি কথা এড়িয়ে চলো। তবে প্রথাগত পড়াশোনা ছাড়াও কোনও স্কিল বা সফট স্কিল থাকলে তা অবশ্যই জানাতে হবে। যত বাড়তি স্কিল, ততই বাড়বে গ্রহণযোগ্যতা। কম্পিউটারের বেসিক জ্ঞান এখন সবক্ষেত্রেই প্রায় আবশ্যিক হয়ে গিয়েছে। প্রেজেন্টেশন, এক্সেল টেবিলের ফর্মুলা জানা থাকলে তা কাজে লাগতে পারে ইন্টারভিউয়ের সময়।

## কী পড়বেন, কোথায় পড়বেন

## নিখরচায় অটোমোবাইল টেকনিশিয়ানের ট্রেনিং

### অন্তত ক্লাস এইট পাস করলে আবেদন করা যাবে

**নিজস্ব প্রতিনিধি:** নিখরচায় অটোমোবাইল ও টু-হুইলার টেকনিশিয়ানের প্রশিক্ষণ দেবে ভিডল অটোমেক্যানিক অ্যাকাডেমি। অন্তত ক্লাস এইট পাশ হলে প্রশিক্ষণ নেওয়ার জন্য আবেদন করা যাবে। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। অটোমোবাইল টেকনিশিয়ান কোর্সে প্রশিক্ষণের মেয়াদ ৬ মাস, টু-হুইলার টেকনিশিয়ান কোর্সের মেয়াদ ৩ মাস। কোর্স শেষে ভারত সরকারের সার্টিফিকেট পাওয়া যাবে। প্রতিষ্ঠান থেকে স্টাইপেন্ড পাওয়ারও সুযোগ আছে। দুটি কোর্সেই ড্রাইভিং-এর বেসিক ধারণা দেওয়া হবে।

প্রতিষ্ঠানের পক্ষ থেকে জানানো হয়েছে কোর্স শেষে প্রশিক্ষিতদের চাকরির ব্যাপারে সহায়তা করা হবে। এজন্য ক্যাম্পাস ইন্টারভিউয়ের ব্যবস্থা হবে। মাহিন্দ্রা, হুন্ডাই, হোন্ডা, মারুতি প্রভৃতির মতো বিভিন্ন নামী অটোমোবাইল সংস্থা ক্যাম্পাস ইন্টারভিউয়ে উপস্থিত থাকবে।

ভর্তির জন্য যোগাযোগ করবেন এই ঠিকানায়: ভিডল অটো মেক্যানিক অ্যাকাডেমি, এম জি রোড, ঠাকুরপুকুর (ঠাকুরপুকুর ক্যান্সার হসপিটালের কাছে), কলকাতা-৭০০ ১০৪। ফোন: ৮৯০২২ ৪৩৩২৮, ৯৫৪৭২ ২৭৬৬২।

কর্মক্ষেত্র
বাঙালির কর্মজীবনের প্রবেশপথ

shine.com

**Shine.com now brings you great jobs in partnership with KARMAKSHETRA**

**Companies Recruiting This Week**

**Crowdlink Staffing**
Company: Crowdlink Staffing
Position Title: Sales Manager
Experience, Location: 1-6 year, Kolkata, Bhubaneswar, Ranchi, Patna, Guwahati
Profile: VACANCY FOR DIPLOMA/B.TECH fresher Candidates as a Supervisor (Male/female), Salary - 15k to 25k & accommodation for Outstation, Location - Howrah,Hooghly, Kharagpur,Bhubaneswar, Surat. For more details Call HR @ 9874440217 / 8240584749 Email ID: hrd.crowdlinkindia@gmail.com
To apply for this job, log on to www.shine.com

**Siemens Limited**
Company: Siemens Limited
Position Title: Senior Executive Product & Solution Sales
Experience, Location: 3 to 7 Yrs, Kolkata
Profile: Support in implementing effective Solution partner and Distribution partner program in the Eastern region and the near by cities as a part of Tier-3 city development. Focus on channel development ( RSL / VAP) in the region and to meet all the techno commercial requirements of New VAP/RSL Channel and End customers in the region.
To apply for this job, log on to www.shine.com and search using **10660775** as keyword.

**Aviation Connect**
Company: Aviation Connect
Position Title: Air Hostress & Ground staff
Experience, Location: Both Fresher & Experience. Kolkata, Bhobaneswar & Delhi
Profile: Aviation connect provide 100% placement to our students after completion of the courses or workshop.Age : 18years to 27 years, Education : Min Higher Secondary, Salary : 11,000-34,000/Month. Fresher may apply.call on 9051941467/03346057102 & also Apply to : info@avaitionconnect.in
To apply for this job, log on to www.shine.com

**Electrobrain Modern Technologies private Limited**
Company: Electrobrain Modern Technologies Pvt Ltd.
Position Title: Cluster Manager
Experience, Location: 2 to 7 Yrs, Kolkata
Profile: Represent the company as frontline Manager in the assignedterritory which is away from branch location city.Creating intermediaries as IRDA licensed agents postidentifications of individuals, motor dealers, DSA or anyothers who can qualify regulations.Ensure familiarization of company's product, policies & sales
To apply for this job, log on to www.shine.com and search using **10638879** as keyword.

**SUPRO INFO SOLUTIONS PRIVATE LIMITED**
Company: SUPRO INFO SOLUTIONS PRIVATE LIMITED
Position Title: Sales & Marketing Manager
Experience, Location: 2 to 5 Yrs, Kolkata
Profile: Roles and responsibilities for Business Development Manager:Target setting and achieving targets on monthly and annual basis. Guiding the team to sell the products in the market.Collaborate with design and sales teams to ensure that requirements are met. Maintain relationships with current clients and identify new prospects within the area you have been assigned. Recruitment of Team, Field calls and visits with team.
To apply for this job, log on to www.shine.com and search using **10669261** as keyword.

**Creamson Intelli Academy**
Company: Creamson Intelli Academy
Position Title: Digital Ad Sales
Experience, Location: 3 to 5 Yrs, Kolkata
Profile: Should be able to manage Search and Display campaigns.Exposure to and hands on experience managing AdWords retargeting/re- marketing campaigns is a must.Should be well versed in implementing ad- extensions like Call- Outs, Sitelinks, Structured Snippets. etc.Proficiency in running ads, maintaining landing pages.
To apply for this job, log on to www.shine.com and search using **10291051** as keyword.

To apply log on to www.shine.com and search using the relevant Job ID as keyword.
For more jobs, log on to Shine.com now!
**To avail Shine.com Data Base Services, Call Atanu Ghosh @ 7980979203***
Not for Candidates

shine.com
Great careers start here

www.Banglastudyguide.tk Daily first Update epaper Join My Telegram Group http://t.me/banglastudyguide

# কলকাতা পুরসভায় ২০১ শিক্ষক-শিক্ষিকা

*প্রথম পাতার পর*

এড) বা ৪ বছরের ব্যাচেলর অব এলিমেন্টারি এডুকেশন (বি এল এড) বা ২ বছরের ডিপ্লোমা ইন এডুকেশন (স্পেশ্যাল এডুকেশন)। অথবা গ্র্যাজুয়েট এবং ২ বছরের ডিপ্লোমা ইন এলিমেন্টারি এডুকেশন (ডি এল এড)।

ইংরেজির ক্ষেত্রে প্রার্থীকে স্কুলস্তর পর্যন্ত প্রথম ভাষা হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে অথবা ইংরেজিতে অনার্স-সহ স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি উত্তীর্ণ হয়ে থাকতে হবে। হিন্দি ও উর্দু ভাষার প্রাইমারি স্কুল টিচার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থী যে-ভাষার জন্য আবেদন করবেন সেই ভাষাটি উচ্চমাধ্যমিক স্তর পর্যন্ত প্রথম বা দ্বিতীয় ভাষা হিসেবে পড়ে থাকতে হবে।

সব ক্ষেত্রেই সেন্ট্রাল বা স্টেট টিচার এলিজিবিলিটি টেস্ট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে।

**বয়স:** ১-১-২০২০ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন।

**বেতন:** আর ও পি এ ২০১৯-এর পে লেভেল-৬ অনুসারে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। প্রথমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের শেষ তারিখ ১৫ এপ্রিল।

ফি বাবদ দিতে হবে ২২০ টাকা (প্রসেসিং চার্জ ও ব্যাঙ্ক চার্জ-সহ), তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭০ টাকা (প্রসেসিং ও ব্যাঙ্ক চার্জ)। ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অফলাইনে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দেওয়া যাবে এই অ্যাকাউন্ট নম্বরে: ০০৮৮০১০৩৬৭৯৩৬। ব্যাঙ্ক চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে ১৫ এপ্রিলের মধ্যে। চালানের মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৬ এপ্রিল।

অনলাইনে দরখাস্ত সাবমিট করার শেষ তারিখ ১৭ এপ্রিল। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

প্রার্থী বাছাই পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# সিপেটে ২৩৪

*প্রথম পাতার পর*

থাকতে হবে, কোয়ালিটি ম্যানেজমেন্ট, প্লাস্টিক্স প্রসেসিং বা টেস্টিং বা সি এন সি টুলিং বা ক্যাড ক্যাম সফটওয়্যারের ব্যবহার জানতে হবে। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২১,৭০০ টাকা।

**লেকচারার:** ৪৬টি। নিয়োগ হবে প্লাস্টিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি বা মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বা ম্যানুফ্যাকচারিং ইঞ্জিনিয়ারিং শাখায়। শিক্ষাগত যোগ্যতা: মেকানিক্যাল বা কেমিক্যাল বা প্লাস্টিক্স বা পলিমার টেকনোলজি বা সমতুল বিষয়ে অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ বি ই বা বি টেক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা পলিমার সায়েন্সে স্পেশ্যালাইজেশন-সহ প্রথম শ্রেণিতে এম এসসি, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। সবক্ষেত্রেই মেশিনারি বা ইক্যুইপমেন্ট হ্যান্ডলিং এবং পলিমার বা প্লাস্টিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি বিষয়ে পড়ানোর অভিজ্ঞতা থাকতে হবে। উচ্চতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স: ৬৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৪৪,৯০০ টাকা।

**লাইব্রেরিয়ান:** ৮টি। শিক্ষাগত যোগ্যতা: লাইব্রেরি সায়েন্সে স্নাতক বা স্নাতকোত্তর ডিপ্লোমা, সঙ্গে টাইপিং বা কম্পিউটারের ব্যবহার জানতে হবে। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। লাইব্রেরি ম্যানেজমেন্ট সফটওয়্যার, ডিজিটাল লাইব্রেরি সফটওয়্যারের ব্যবহার জানতে হবে এবং একক দক্ষতায় লাইব্রেরি পরিচালনা করতে পারা চাই। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২১,৭০০ টাকা।

উপরোক্ত পদগুলিতে নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Advt. No.CIPET/HO-AI/CM/A/2020 Dated: 26.02.2020.

**অ্যাসিস্ট্যান্ট প্লেসমেন্ট অফিসার:** ১০টি। শিক্ষাগত যোগ্যতা: বি ই বা বি টেক বা এম বি এ, সঙ্গে রিক্রুটমেন্ট বা ট্রেনিং-সংক্রান্ত কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৩৫,০০০ টাকা।

**ফ্যাকাল্টি:** ৫০টি। নিয়োগ হবে কেমিস্ট্রি, ফিজিক্স, ম্যাথমেটিক্স, ইংলিশ, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স এবং সিভিল শাখায়। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। পি এইচ ডি প্রার্থীরা অগ্রাধিকার পাবেন। বয়স: ৬৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ৩৫,০০০ টাকা।

**ল্যাবরেটরি ইনস্ট্রাক্টর:** ১৮টি। নিয়োগ হবে কেমিস্ট্রি, ফিজিক্স, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স এবং ওয়ার্কশপ প্র্যাক্টিস শাখায়। শিক্ষাগত যোগ্যতা: সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক। কম্পিউটার সায়েন্স ও ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স শাখার ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমাধারীরাও আবেদন করতে পারেন। এর সঙ্গে সংশ্লিষ্ট কাজে এক বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইলেক্ট্রিক্যাল সিস্টেমস বিষয়ে জ্ঞান থাকতে হবে। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২৫,০০০ টাকা।

**ফিজিক্যাল ট্রেনিং ইনস্ট্রাক্টর:** ১২টি। শিক্ষাগত যোগ্যতা: বি পি এড, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা ফিজিক্যাল এডুকেশনে ডিপ্লোমা, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। যোগ জানতে হবে। বয়স: ৩৫ বছরের মধ্যে হতে হবে। বেতন: প্রতি মাসে ২৫,০০০ টাকা।

উপরোক্ত পদগুলিতে নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: Advt. No.CIPET/HO-AI/CM/B/2020 Dated: 26.02.2020.

নিয়মানুসারে তফসিলি, ও বি সি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের জন্য শূন্যপদ সংরক্ষিত থাকবে।

সব ক্ষেত্রেই ২০-৩-২০২০ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.cipet.gov.in দরখাস্তের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি ফটো সেঁটে দেবেন।

প্রয়োজনীয় নথিপত্রের প্রত্যয়িত নকল-সহ পূরণ করা দরখাস্ত-ভরা খামের ওপর তারিখ-সহ বিজ্ঞপ্তি নম্বর, যে-সেন্টার ও যে-পদে আবেদন করছেন তার নাম লিখে দেবেন।

দরখাস্ত স্পিড পোস্টের মাধ্যমে ২০ মার্চের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Principal Director (New Projects), CIPET Head Office, T.V.K. Industrial Estate, Guindy, Chennai-600032.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরে: ৯৪৪৪৯৩৫৮২০।

# রাজ্যে ৯৩৩৩ নার্স

*প্রথম পাতার পর*

নার্সিং অ্যান্ড মিডওয়াইফারি বা বেসিক বি এসসি (নার্সিং) বা পোস্ট বেসিক বি এসসি (নার্সিং) কোর্স পাশ করে থাকতে হবে। সেই সঙ্গে ওয়েস্ট বেঙ্গল নার্সিং কাউন্সিলে প্রার্থীর নাম নথিভুক্ত থাকতে হবে। প্রার্থীকে বাংলা অথবা নেপালি ভাষায় কথা বলতে ও লিখতে জানতে হবে।

**বয়স:** ১-১-২০২০ তারিখে ১৮ থেকে ৩৯ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতন:** ৩৪,১৩৬ টাকা (পে লেভেল-৯ অনুসারে)।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত স্তরে প্রাপ্ত নম্বর, কাজের অভিজ্ঞতা ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.wbhrb.in প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন করা যাবে ১৩ থেকে ২৩ মার্চ পর্যন্ত। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত পূরণের সময় নার্সিং কাউন্সিলের রেজিস্ট্রেশন সার্টিফিকেট আপলোড করতে হবে। অনলাইন দরখাস্ত যথাযথভাবে পূরণ করে 'Submit' করুন। সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি সিস্টেম জেনারেটেড প্রিন্ট আউট নিয়ে নেবেন।

অনলাইনে ফি বাবদ দিতে হবে ২১০ টাকা। গভর্নমেন্ট রিসিপ্ট পোর্টাল সিস্টেম (জি আর আই পি এস) পদ্ধতিতে ফি জমা দিতে হবে এই অ্যাকাউন্ট নম্বরে: ০০৫১-০০-১০৪-০০২-১৬। পশ্চিমবঙ্গের তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখবেন উপরোক্ত ওয়েবসাইট।

# পূজালি পুরসভায় চাকরি

পিওন এবং মজদুর পদে ১০ জনকে নেবে পূজালি পুরসভা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 267/P.M/Estt-42/20.

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.pujalimunicipality.in প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ৩১ মার্চের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# গার্ডেন রিচ শিপবিল্ডার্সে এইচ আর ট্রেনি

হিউম্যান রিসোর্স ট্রেনি পদে ৬ জনকে নেবে গার্ডেন রিচ শিপবিল্ডার্স। প্রশিক্ষণের মেয়াদ ১ বছর। প্রশিক্ষণ চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: APP:01/20.

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.grse.in আবেদনের শেষ তারিখ ২১ মার্চ। বিশদ তথ্যের জন্য আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কলকাতা কর্পোরেশনে ৮৫৮ মজদুর

*প্রথম পাতার পর*

১৩টি দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য এবং ১২টি করে শ্রবণসংক্রান্ত প্রতিবন্ধী ও চলাচলে অক্ষম বা সেরিব্রাল পালসি প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** প্রার্থীর বাংলা ও ইংরেজি পড়তে ও লিখতে জানা চাই। প্রযোজ্য ক্ষেত্রে অন্য মাতৃভাষা, যথা— হিন্দি, উর্দু, ওড়িয়া, নেপালি ভাষাও পড়তে ও লিখতে জানা চাই।

**বয়স:** ১-১-২০২০ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীরা ৫, ও বি সি-রা ৩ বছরের ছাড় পাবেন।

প্রাথমিকভাবে বাছাই করা প্রার্থীদের লিখিত পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের জন্য ডাকা হবে। এ ছাড়া ফিল্ড টেস্টে পাশ করতে হবে।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org রেজিস্ট্রেশনের শেষ তারিখ ১৫ এপ্রিল।

ফি বাবদ দিতে হবে ২২০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭০ টাকা)। চালানের মাধ্যমে ফি দিতে হবে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় এই অ্যাকাউন্ট নম্বরে: 0088010367936 চালানের প্রিন্ট আউট নিতে হবে উপরোক্ত ওয়েবসাইট থেকে, ১৫ এপ্রিলের মধ্যে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৬ এপ্রিল।

ফি জমা দেওয়ার পর ফি-সংক্রান্ত তথ্য-সহ অনলাইন দরখাস্ত যথাযথভাবে পূরণ করে সাবমিট করতে হবে। সাবমিটের শেষ তারিখ ১৭ এপ্রিল।

বিশদ জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কলকাতা পুরসভায় পরিবেশ বন্ধু

*প্রথম পাতার পর*

সমরকর্মী ১)। দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য নির্দিষ্ট শূন্যপদের মধ্যে ১টি করে শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত, শ্রবণসংক্রান্ত এবং সেরিব্রাল পালসি বা চলাফেরায় অসুবিধা আছে এমন প্রার্থীদের জন্য সংরক্ষিত। আবেদনের যোগ্যতা: সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে এবং বাইরে ঘুরে ঘুরে কাজ করার মানসিকতা থাকতে হবে।

বয়স: ১-১-২০২০ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ও বি সিরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন।

বেতন: আর ও পি এ ২০১৯-এর পে লেভেল-১ অনুসারে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। প্রথমে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের শেষ তারিখ ১৫ এপ্রিল।

ফি বাবদ দিতে হবে ২২০ টাকা (প্রসেসিং চার্জ ও ব্যাঙ্ক চার্জ-সহ), তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭০ টাকা (প্রসেসিং ও ব্যাঙ্ক চার্জ)। ফি জমা দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয় পদ্ধতিতেই। অফলাইনে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইন্ডিয়ার যে-কোনও শাখায় ফি জমা দেওয়া যাবে এই অ্যাকাউন্ট নম্বরে: ০০৮৮০১০৩৬৭৯৩৬। ব্যাঙ্ক চালান ডাউনলোড করে নেবেন উপরোক্ত ওয়েবসাইট থেকে। চালান ডাউনলোড করার শেষ তারিখ ১৫ এপ্রিল। চালানের মাধ্যমে ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৬ এপ্রিল।

অনলাইনে দরখাস্ত সাবমিট করার শেষ তারিখ ১৭ এপ্রিল। অনলাইনে দরখাস্ত যথাযথভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

প্রার্থী বাছাই পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কলকাতা পুরসভায় সার্জেন্ট

সার্জেন্ট পদে ১৫ জনকে নেবে কলকাতা পুরসভা। প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ মিউনিসিপ্যাল সার্ভিস কমিশন। মহিলারাও আবেদনের যোগ্য। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 05 of 2020. **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চমাধ্যমিক। দৈহিক মাপজোক: উচ্চতা: অন্তত ৫ ফুট ৭ ইঞ্চি। বুকের ছাতি অন্তত ৩৪ ইঞ্চি হতে হবে। প্রাক্তন মিলিটারি বা আর্মড পুলিশ বা ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্স পার্সোনেলদের অগ্রাধিকার। বয়স: ১-১-২০২০ তারিখে ১৮ থেকে ৩৭ বছরের মধ্যে হতে হবে। দরখাস্ত করতে হবে অনলাইনে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.mscwb.org দরখাস্তের শেষ তারিখ ৭ এপ্রিল। ফি বাবদ দিতে হবে ২২০ টাকা (তফসিলি এবং দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭০ টাকা)। ফি দেওয়া যাবে অনলাইন-অফলাইন উভয়ভাবেই। আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইসকো স্টিল প্ল্যান্টে ১০০

*প্রথম পাতার পর*

নিয়মানুসারে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে।

অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: http://portal.mhrdnats.gov.in রেজিস্ট্রেশনের পর অনলাইন আবেদন করা যাবে। আবেদনের শেষ তারিখ ১৭ মার্চ। প্রার্থীর চালু ই-মেল আই ডি থাকতে হবে। বিশদ জানতে দেখুন ওয়েবসাইট।

## *গত সংখ্যায় প্রকাশিত 'অ্যাডভান্সড সিস্টেমস ল্যাবরেটরিতে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং': দরখাস্তের বয়ান*

**Advanced Systems Laboratory**
**Dr. A. P. J. Abdul Kalam Missile Complex**
**Defence Research & Development Organisation, Hyderabad-500058**
**APPLICATION FORM FOR ADVT. NO. ASL/23/2020/3322/OR/1**

**Advertisement No. : ASL/23/2020/3322/OR/1**

Self attested recent colour passport size photograph

1. Registration No. in MHRDNATS/NCVMIS Portal :
2. Post : Graduate / Diploma/ ITI (Tick one)
3. Branch/Trade applied for :
4. Name :
5. Father's Name :
6. Nationality :
7. Date of Birth :
8. Category (UR/SC/ST/OBC/PH) :
9. E-mail address :
10. Ph. No./Mob. No :
11. Correspondence Address :
12. Permanent Address :
13. Educational Qualification (10th, ITI, +2 / XII/PUC, Diploma, B. E / B. Tech) : (in chronological order)

| Class | Main Subject (with Trade/ Branch) | Board Institute | Year of Passing | Division/ Grade | Max. Marks | Marks Obtained | Percent/ Grade/ CGPA |
|---|---|---|---|---|---|---|---|
| Xth | | | | | | | |
| ITI | | | | | | | |
| Diploma | | | | | | | |
| BE/ B. Tech/ Eqvt. | | | | | | | |
| Others (specify) | | | | | | | |

I understand that the post applied for by me is purely a temporary one and hereby declare that the statements made and information furnished in the application are true. Complete and correct to the best of my knowledge & belief.

Date: ............................

(Signature of Candidate)

www.Banglastudyguide.tk Daily first Update epaper Join My Telegram Group http://t.me/banglastudyguide



# রাজ্য সরকারে গ্রুপ ডি পদে চাকরি দেওয়ার নামে প্রতারণা

**নিজস্ব প্রতিনিধি:** সরকারি চাকরি দেওয়ার নাম করে বড়সড় প্রতারণার ঘটনা সামনে এল। ভুয়ো সরকারি ওয়েবসাইট ও ই-মেল ব্যবহার করে গ্রুপ 'ডি' কর্মী নিয়োগের নামে এই প্রতারণা চালানো হয়েছে। এ পর্যন্ত এই প্রতারণা-সংক্রান্ত যেসব তথ্য সামনে এসেছে তা থেকে জানা যাচ্ছে, শুধু পশ্চিম মেদিনীপুর জেলার ১৬ জনের কাছ থেকে সরকারি গ্রুপ 'ডি' পদে চাকরি দেওয়ার নাম করে মাথাপিছু ৬ লক্ষ টাকা নেওয়া হয়েছে। প্রতারিতের সংখ্যা আরও বেশি বলে আশঙ্কা করা হচ্ছে। গোটা বিষয়টির পিছনে বড় কোনও চক্রের ভূমিকা রয়েছে বলে মনে করা হচ্ছে।

পূর্ব মেদিনীপুরের বাসিন্দা তরুণ প্রধানের একটি অভিযোগের সূত্র ধরে প্রতারণার ঘটনাটি সামনে আসে। পশ্চিম মেদিনীপুরের শালবনী থানায় তিনি অভিযোগ দায়ের করেন। পুলিশি তদন্ত এগোচ্ছে না, এমন কথা জানিয়ে তিনি হাইকোর্টে একটি রিট পিটিশনও দাখিল করেছেন।

## চাকরিপিছু ৬ লক্ষ টাকা ঘুষের অভিযোগ

তরুণবাবুর অভিযোগ থেকে জানা যাচ্ছে, ২০১৮-য় রাজ্য সরকারের বিভিন্ন বিভাগে গ্রুপ 'ডি' কর্মী নিয়োগের বিজ্ঞাপন দেখে তরুণবাবু আবেদন করেছিলেন। লিখিত পরীক্ষায় সফলদের প্রথম তালিকায় তাঁর নাম ছিল না। পরে গ্রুপ 'ডি' রিক্রুটমেন্ট বোর্ডের সচিবের নাম করে তাঁর কাছে মেল আসে। সেখানে পার্সোনেল অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস দপ্তরের একটি ওয়েবসাইট লিঙ্ক উল্লেখ করে সেটি দেখতে বলা হয়। সেখানে রোল নম্বর দিয়ে তরুণবাবু তাঁর নাম দেখতে পান। ইতিমধ্যে বন দপ্তরের মেল আই ডি থেকে তাঁর কাছে ইন্টারভিউয়ের কললেটারও আসে। এরপরই চাকরি 'করিয়ে দেওয়া'র নাম করে কয়েক দফায় কয়েক লক্ষ টাকা তাঁর কাছ থেকে নেয় রাহুল সেন নামে নিজের পরিচয় দেওয়া এক ব্যক্তি। এই ব্যক্তিই তরুণবাবুকে ময়ূখ ভবনে একটি ইন্টারভিউয়ের ব্যবস্থাও করিয়ে দেয়। তরুণবাবু জয়েনিং লেটার পেয়ে শালবনীর অভয়া বিট অফিসে কাজে যোগ দেন। রাহুল সেনের চাহিদা অনুসারে বাকি টাকাও মিটিয়ে দেন তরুণবাবু। দু'মাস চাকরি করার পর হঠাৎই তাঁর কার্যালয় থেকে তরুণবাবু জানতে পারেন তাঁর নিয়োগটি ভুয়ো। অথচ চাকরি করাকালীন দু'মাস তিনি যথারীতি বেতন পেয়েছেন বলে দাবি তাঁর। ২০১৯-এর ১৭ ডিসেম্বর শালবনী থানায় এফ আই আর দায়ের করেন তিনি। পরে হাইকোর্টে রিট পিটিশন দাখিল করেন।

পার্সোনেল অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মসের যে ওয়েবসাইট লিঙ্কটি তরুণবাবুকে দেওয়া হয়েছিল, তার সঙ্গে মূল ওয়েবসাইটটির একটু হলেও ফারাক রয়েছে বলে জানা গিয়েছে। কিন্তু সরকারি দপ্তরের নিজস্ব ডোমেন মেল আই ডি কীভাবে নকল করা হল, তাই নিয়েই উঠেছে প্রশ্ন। সরকারি দপ্তরের লিখিত আবেদনের ভিত্তিতে এ ধরনের আই ডি তৈরি করে কেন্দ্রীয় সংস্থা। সুতরাং উচ্চস্তরের সঙ্গে যোগাযোগ না থাকলে এরকম আই ডি কীভাবে তৈরি হল, সেটাই এখন সবচেয়ে গুরুত্বপূর্ণ প্রশ্ন হয়ে দেখা দিয়েছে এই চাকরি-প্রতারণার অভিযোগটিকে কেন্দ্র করে।

# ইন্ডিয়ান মিউজিয়ামে চাকরি

আর্কিওলজি, অ্যানথ্রপলজি, ইনফর্মেশন টেকনোলজি-সহ বিভিন্ন শাখায় ২৭ জন কর্মী নেবে ইন্ডিয়ান মিউজিয়াম। শুধুমাত্র অবসরপ্রাপ্ত কেন্দ্রীয় সরকারি কর্মীরা আবেদন করবেন। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 2/2020.

শূন্যপদের বিবরণ: **কনসালট্যান্ট:** ১৩টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, ও বি সি ৩)। নিয়োগ হবে আর্কিওলজি, নুমিসম্যাটিক্স অ্যান্ড এপিগ্রাফি, প্রি হিস্ট্রি, অ্যানথ্রপলজি, ফাইন আর্টস, কনজারভেশন, পাবলিকেশন, অ্যাডমিনিস্ট্রেশন, ফিনান্স অ্যান্ড অ্যাকাউন্টস, এস্টাব্লিশমেন্ট, প্রোকিওরমেন্ট, লিগাল ম্যাটার এবং স্টোর্স অ্যান্ড পারচেজ বিভাগে। **ইয়ং প্রফেশনাল:** ১৪টি (সাধারণ ৮, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ও বি সি ৩)। নিয়োগ হবে ইনফর্মেশন টেকনোলজি, লাইব্রেরি, আর্কিওলজি, আর্ট, জে এ টি এ এন, অ্যানথ্রপলজি, এডুকেশন, কনজারভেশন বিভাগে।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.indianmuseumkolkata.org প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা দরখাস্ত ১৬ মার্চের মধ্যে পৌঁছতে হবে নির্দিষ্ট ঠিকানায়।

আবেদনের যোগ্যতা ও দরখাস্তের পদ্ধতি-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।




# "We" is the new "I" at WeSchool

**Paving a New Approach in Management Education ■ Building a learning ecosystem that nurtures India's future workforce**



India Inc.'s acknowledgement of WeSchool Rural Management Program bears testimony with our students being placed with some very reputed Organisations, to name a few: Pidilite, Deloitte USI, Kansai Nerolac, Schneider Electric, Accenture, HDFC Bank, ICICI Bank, Landmark Homecentre, with an average package of ₹9.11 lakhs p.a and at the high end going upto ₹13.06 lakhs p.a. for domestic placements.

It is often discussed, that we are training the youth for jobs that don't exist. So in a future that promises to be dominated by technology, AI, ML what is it that will keep B-School education relevant? This is the space - WeSchool education ecosystem has chosen to address at its' Mumbai and Bengaluru Campus. While providing an ecosystem that acquaints students with technology and how it can be harnessed, it also prepares students with skills that will continue to stay relevant in the new world order.

WeSchool, several years back in 2007, adopted Design Thinking as an important shift in the way it delivers management education. A decade later, it is inspiring to see leading businesses in India, make this an important agenda in the boardroom.

**Career sectors for the millennial generation**

If Business and Management Education in 2020 is the path that you are contemplating, it may be worthwhile to look at specific sectors and domain areas that offer a multitude of opportunities for Management graduates today. Two domains that Millenials looking to do well and do good are Healthcare and Rural Management.

**Rural Management - Creating Corporate Managers with Rural Insights**

The outreach of education, rising income and aspiration levels enabled by advancements in novel IT and mobile enabled applications has developed the Indian rural sector as a vibrant economic growth engine. Rural households contribute to approximately 50% of the GDP, 40% FMCG sales, 30% four-wheeler sales in Auto sector and 45% contribution to the telecom sector according to a report by Deloitte and FICCI, while the rural market for FMCG goods alone is estimated to cross $100 billion by 2025. The government too is increasingly focusing on rural development, both on income and expenditure side to support growth of businesses, making rural markets a lucrative choice.

Companies are competing with each other for an enduring presence in Rural India. Industry therefore will have to be responsive to specific needs of this sector rather than replicating urban products, services and channels into rural markets. To manage this huge untapped market corporates are looking for professionals who can measure the pulse of rural market aptly.

**STUDENT TESTIMONIAL**

"I gained a different perspective of rural sector while observing the rural consumer buying behaviour in UP and Bihar, during my summer internship at Pidilite. My learning at WeSchool was a hands-on learning experience on agriculture. This experience is now fruitful in my current role at UPL-Advanta Seeds."

**- Nitish Wange,**
**Senior Sales Executive, Advanta Seeds – UPL Group, Rural Management (Emerging Economies), 2016-2018**

**The Healthcare Sector**

Healthcare management has shown a prospective increase in job opportunities in the past decade as per 'The Future of Job Report 2018', World Economic Forum. Healthcare industry is growing at 17% CAGR which is 3 times with the current GDP growth rate in India. Healthcare management courses provide you with domain knowledge in the healthcare sector and equip with general management skills.

Some of the roles and sectors that Healthcare management professionals can expect to be in are in Healthcare IT, Analytics and Consulting. The most common profile is of Business Analyst, Marketing/Sales/Product Management, Finance/Insurance. With Health insurance as a rapidly growing segment, the popular job roles in the Insurance segment are in Business Intelligence, Business Solutions, IT and Branch Operations, and Analytics. In Banking, one can get employment in Healthcare Finance; roles in Hospital planning and designing are also attractive.

Prerna Sharma, WeSchool, PGDM Healthcare Batch 2011-13, Manager PwC US Advisory, DIAC, is a biomedical engineer. She started her career post her completion in PGDM Healthcare at WeSchool with HealthBridge Advisors. It involved working with India healthcare organisations helping them solve their business challenges from setting up a new hospital to helping with market entry strategies. Post that she has been working with PwC in their Analytics practice helping US Healthcare organisations across an array of areas through analytics embedded consulting solutions.

**New age careers need Collaboration, Innovation and Technology Platforms skills**

Collaborating to offer opportunities to learn by doing, be it crystallised initiatives such as the Smart India Hackathon, Design Workshops, Future of Work Conferences or creating structures that systematically inspire innovation, exploring technology for massive and mass impact, WeSchool has been on the forefront.

More recently, WeSchool and Massachusetts Institute of Technology (MIT) India Initiative collaborated in a first for a Design, Technology and Social Innovation Workshop 2020, a 'learning by doing' platform fostering creative exploration of ideas. Students from across India with mentors from MIT and Harvard designed scalable prototypes to resolve local challenges in India in areas – Mobility, Healthcare, Investigation and Journalism: Telling Tangible Tales, Housing and Energy, Public Spaces, Fintech for social good, Re-imagining education, Community based health solutions, Environmental resilience, and Social empowerment through music among others.

Addressing at the workshop inaugural, Prof Dr. Uday Salunkhe, Group Director, WeSchool said, "We want the future generation to focus on becoming global leaders by contributing to the growth of the society. WeSchool continues to support social initiatives and help scale great ideas for common good."

www.welingkar.org

স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও আনন্দ অফসেট প্রাঃ লিঃ, জিএন ৩৯, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা-৯১ থেকে মুদ্রিত।
প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in

www.Banglastudyguide.tk Daily first Update epaper Join My Telegram Group http://t.me/banglastudyguide